ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ঝড় তুলতে আসছে হৃতিকের ফাইটার

পৃঃ ৫



প্রতিপক্ষ ইংল্যান্ড; প্রথম দুই টেস্টে নেই কোহলি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০২৬ ● কলকাতা ● ১১ মাঘ, ১৪৩০ ● শুক্রবার ● ২৬ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## যুগান্তকারী বদলের সময়', সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণ রাষ্ট্রপতির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৭৫তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণ দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু । নিজের ভাষণে সদ্য শতবর্ষে পা দেওয়া বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুর থেকে অযোধ্যায় রামলালার প্রাণপ্রতিষ্ঠা নানা বিষয়েই কথা বললেন তিনি।এছাড়াও ভারতের মাটিতে হওয়া জি২০ সম্মেলন থেকে দেশের মহাকাশ অভিযান, দেশের ক্রীড়াবিদদের অসাধারণ সাফল্য- নানা বিষয়ই এদিন স্থান পেয়েছে রাষ্ট্রপতির ভাষণে। পাশাপাশি দেশবাসীর উদ্দেশে তিনি বলেন, "আসুন আমরা সবাই যেভাবে পারি দেশ ও দেশবাসীর সেবায় নিজেদের উতসর্গ করি। এই প্রয়াসে আপনাদের সকলকে আমার শুভেচ্ছা।"জানালেন, "এটা এক যুগান্তকারী

এরপর ৩ পাতায়

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী ২৬শে জানুয়ারী, ২০২৪ "প্রজাতন্ত্র দিবস" উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই ২৭শে জানুয়ারী, ২০২৪ আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না আগামী ২৮শে জানুয়ারী, ২০২৪ তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে।

সম্পাদক

## নিজাম প্যালেসে হাজিরা

## 'কাকু-ঘনিষ্ঠ' সিভিক ভলান্টিয়ারের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কালীঘাটের কাকু'র 'ঘনিষ্ঠ' রাহুল বেরাকে এ বার নিজাম প্যালেসে ডেকে পাঠিয়েছিল সিবিআই। সেই তলব পেয়েই বৃহস্পতিবার সিবিআই দফতরে হাজিরা দিলেন রাহুল। কী কারণে তাঁকে তলব করা হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। তবে নিয়োগ সংক্রান্ত মামলায় ইডির পাশাপাশি সিবিআইও তদন্ত চালাচ্ছে।দুর্নীতির তদন্তের স্বার্থে 'কাকু'র কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ যে অত্যন্ত গুরুত্বপূর্ণ, তা বার বার বলে ইডি। সূত্রের খবর, 'কাকু'র একাধিক ভয়েস কল রেকর্ডিং মোবাইল থেকে উদ্ধার করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। নিয়োগ দুর্নীতির তদন্তে নেমে 'কাকু', দক্ষিণ ২৪ পরগনার জেলা পরিষদের প্রাক্তন সদস্য জ্ঞানানন্দ সামন্ত ও সিভিক ভলান্টিয়ার রাহুল বেরার কাছ থেকে পাঁচটি মোবাইল বাজেয়াপ্ত করেছিল ইডি। সেখান থেকে হোয়াট্সঅ্যাপ চ্যাট, সাধারণ মেসেজ এবং ভয়েস কল রেকর্ডিং উদ্ধার হয়েছিল। অবশেষে জানুয়ারির গোড়ার দিকে 'কাকু'র কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করে ইডি।সেই সূত্রেই রাহুলকে তলব করা হয়েছে বলে মনে করা হচ্ছে।

ঘটনাচক্রে, এই রাহুলের বিরুদ্ধেই ইডির দাবি ছিল, 'কাকু'র নির্দেশে ফোন থেকে গুরুত্বপূর্ণ তথ্য মুছে দিয়েছিলেন তিনি। সেই তথ্যপ্রমাণও তারা পেয়েছে। শুধু তা-ই নয়, ইডি সূত্রে দাবি করা হয়েছিল যে, 'কাকু'র ফোন ট্যাপ করে তারা জানতে পারে রাহুলকে নির্দেশ দেওয়া হচ্ছে গুরুত্বপূর্ণ কিছু তথ্য মুছে ফেলার জন্য। গত ৩০ মে ১১ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর সুজয়কে গ্রেফতার করে ইডি। তার পরের দিন তাঁকে ব্যাঙ্কশাল আদালতে পেশ করে ইডি জানিয়েছিল, নিয়োগ দুর্নীতি সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ তথ্য সুজয়ের কথায়

এরপর ৩ পাতায়

## কংগ্রেস ছেড়ে পদ্ম শিবিরে যোগ দিলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামনেই লোকসভা নির্বাচন। আর সেই নির্বাচনের আগেই ভাঙন দেখা দিল কংগ্রেসে। কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী জগদীশ শেট্টার বৃহস্পতিবার বিজেপিতে যোগদান করেন। দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ সিনিয়র নেতাদের সাথে বৈঠকের পরে বিজেপিতে যোগ দেন কংগ্রেসের প্রাক্তন মুখ্যমন্ত্রী।উল্লেখ্য, কর্ণাটকের উপমুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার বুধবার বলেছিলেন যে বিজেপি লোকসভা নির্বাচনের আগে প্রাক্তন মুখ্যমন্ত্রী জগদীশ শেট্টারকে দলে ফেরাতে মরিয়া চেষ্টা করছে। আর একদিন পরেই কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগদান করলেন তিনি।

প্রসঙ্গত, ২০২৩ সালে বিধানসভা নির্বাচনে টিকিট না পাওয়ার জন্য বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগদান করেছিলেন শেট্টা। তবে তার এই যোগদানের পরেই শুরু হয়েছিল জল্পনা। কারণ, জগদীশ শেট্টার সঙ্গে বিজেপির সম্পর্ক দীর্ঘদিন ধরে ছিল। বিধানসভা নির্বাচনের আগে তার এই রদবদল নিয়ে প্রশ্ন তুলেছিল বিরোধী শিবির।গত ২০২৩ সালে বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগদান করেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী জগদীশ শেট্টার। তবে একবছর কাটতে না কাটতেই তিনি ফের বিজেপিতে যোগ দিলেন।

এরপর ৩ পাতায়



## ডায়মণ্ড হারবারে কবি মধুসূদনের

# দ্বিশত জন্ম বার্ষিকী উদযাপন



**নিজস্ব প্রতিনিধিঃ নিউজ সারাদিন :** আজ ডায়মণ্ড হারবার ঋষি অরবিন্দ উদ্যানে কবি মধুসূদনের দ্বিশত জন্ম বার্ষিকী উদযাপন করা হলো দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সংস্কৃতি পরিষদের উদ্যোগে। জেলার বিভিন্ন এলাকা থেকে প্রায় ৫০ জন কবি-সাহিত্যিক অংশগ্রহণ করেন। সভায় পৌরোহিত্য করেন অধ্যাপক মাধাই বৈদ্য। মধুসূদনের জীবন ও কাব্য প্রতিভা এবং বাংলা সাহিত্যে প্রভাব সম্পর্কে সুললিত আলোচনা করেন অধ্যাপক ডঃ বলাই চাঁদ হালদার, আইনজীবী তপনকান্তি মণ্ডল, শিক্ষক সিদ্ধানন্দ পুরকাইত, চিত্র শিল্পী মৃণাল কান্তি ভাণ্ডারী প্রমুখ। কবিতা ও ছড়া পাঠে অংশ নেন ভীম ঘোষ, নীল রতন মণ্ডল, রতন নস্কর, দেবিকা সামন্ত , রমাপ্রসাদ মণ্ডল, উজ্জ্বল মণ্ডল, বিশ্বনাথ প্রামাণিক, অমিতাভ গিরি, মানস চক্রবর্তী, শমিত বরণ ব্যানার্জী, রিয়াদ হায়দার, গৌতম মণ্ডল, রবীন্দ্রনাথ মণ্ডল প্রমুখ। এছাড়া প্রাসঙ্গিক বক্তব্য রাখেন প্রীতিরঞ্জন সরকার, সুবোধ কুমার হালদার, দিলীপ ঘোষ প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ছড়াকার শিশির পাইক।

## কোথায় শাহজাহান শেখ?

# ফাঁস করে দিলেন অখিল গিরি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথম দিন শাহজাহান শেখের তল্লাশি চালাতে গিয়ে আক্রান্ত হয়ে হয়েছিল ইডি অফিসারদের। রক্তাক্ত অবস্থায় ফিরতে হয়েছিল তাঁদের। আর দ্বিতীয়বার তল্লাশি চালাতে গিয়ে কার্যত খালি হাতে ফিরতে হয়েছে সেই ইডি-কে। না খোঁজ মিলেছে শাহজাহানের, না তাঁর বাড়িতে পাওয়া গিয়েছে কোনও গুরুত্বপূর্ণ জিনিস।অন্যদিকে, বাম নেতা সুজন চক্রবর্তীর দাবি, শাহজাহান জেলে গেলে যাতে পিজি হাসপাতালে থাকতে পারেন, তার ব্যবস্থা করতে চাইছেন অখিল। সুজন বলেন, অখিল গিরির উচিত পুলিশমন্ত্রীকে জানানো। ডিজি-কে জানিয়ে দেওয়া উচিত। তবে ভিনরাজ্যে গেলেও যে ধরে আনা যায়, সে কথা মনে করিয়ে দিয়েছেন সুজন।ইডি আক্রান্ত হওয়ার পরও শাহজাহানকে গ্রেফতার করা যাচ্ছে না কেন? তা নিয়ে আদালতের প্রশ্নের মুখে পড়তে হয়েছে রাজ্য পুলিশকে। তবে এবার সে শাহজাহানের 'সন্ধান' দিলেন কারামন্ত্রী অখিল গিরি।মন্ত্রীর দাবি, শাহজাহান আত্মসমর্পণ করবেন কি না, সেটা তাঁর ব্যাপার। ইতিমধ্যেই শাহজাহানকে সশরীরে হাজিরার নোটিস দিয়েছে ইডি। বৃহস্পতিবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে অখিল গিরি বলেন, "শাহজাহান তাঁর চিকিতসার জন্য বাইরে গিয়েছেন। পুলিশ বসে নেই। তাঁকে খুঁজছেন। অভিযোগ যখন উঠেছে, তখন তাঁকে খুঁজে বের করা হবেই। পুলিশ বসে নেই।" কিন্তু চিকিতসার জন্য কোথায় গিয়েছেন শাহজাহান? অখিল বলেন, "নিশ্চিতভাবে পশ্চিমবঙ্গের মধ্যে নেই। বাইরে আছে। রাজ্যে থাকলে পুলিশ ঠিক খুঁজে বের করতে পারত।" তবে আত্মসমর্পণ করবেন কি না, সেটা শাহজাহানের নিজের ব্যাপার বলে মন্তব্য করেছেন অখিল। হাজিরার ব্যাপারে তাঁর বক্তব্য, শাহজাহান চাইলে সময় চেয়ে নিতে পারেন ইডি-র কাছে।বিরোধীরা ইতিমধ্যেই প্রশ্ন তুলতে শুরু করেছেন, "শাহজাহানের খবর কি তবে আছে অখিলের কাছে? বিজেপি সাংসদ দিলীপ ঘোষ বলেন, তার মানে ওঁর কাছে কোনও খবর আছে। ইডি-র উচিত ওঁকে ডাকা। ওঁর কাছ থেকে তথ্য নেওয়া। বোঝাই যাচ্ছে তৃণমূল জানে যে চক্রান্ত করে লুকিয়ে রাখা হয়েছে শাহজাহানকে।"

## ৩০শে জানুয়ারি রাজ্য জুড়ে

# মিছিল মহিলা তৃণমূল কংগ্রেসের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের আগেই পথে নামল তৃণমূল । আগামী ৩০ শে জানুয়ারি রাজ্যজুড়ে মিছিলের ডাক দিল মহিলা তৃণমূল কংগ্রেস । বিজেপি নেতৃত্ব যেভাবে তৃণমূল দলের নেত্রী এবং মহিলাদের অপমান

এরপর ৩ পাতায়

## iLEAD চেয়ারম্যান মিঃ প্রদীপ চোপড়ার সঙ্গীত অ্যালবাম-"সফর"

# ভারতীয় সেনাবাহিনীর সম্মানে এই প্রজাতন্ত্র দিবসে উন্মোচন করা হবে



**Kolkata, January 23rd, 2024: নিউজ সারাদিন :** মিঃ প্রদীপ চোপড়া, চেয়ারম্যান দ্য রখউঅউ, ইনস্টিটিউট অফ লিডারশিপ, এন্টারপ্রেনারশিপ অ্যান্ড ডেভেলপমেন্ট, ভারতীয় সেনাবাহিনীর সম্মানে একটি ঐতিহাসিক সঙ্গীত উদ্যোগএর ঘোষণা করেছেন। ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্ব ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে iLEAD দ্বারা আয়োজিত একটি জমকালো অনুষ্ঠানে এই প্রজাতন্ত্র দিবস, ২০২৪-এ "সাফার" শিরোনামের আত্মা-আলোড়ন কারী সঙ্গীত অ্যালবাম উন্মোচন করা হবে।

ঐতিহ্য থেকে দূরে সরে গিয়ে, মিঃ প্রদীপ চোপড়া, নিজের অধিকারে একজন উদ্ভাবনী ব্যক্তি, তার বহুমুখী প্রতিভা ব্যবহার করে এমন একটি সঙ্গীত অভিজ্ঞতা তৈরি করছেন যা ভারতীয় সেনাবাহিনীর অকথিত গল্প বলে। "সফর" অ্যালবামটি যত্ন সহকারে নির্বাচিত গানগুলি নিয়ে গঠিত, প্রতিটি সশস্ত্র বাহিনীর যাত্রা, ত্যাগ এবং অদম্য চেতনার মর্মস্পর্শী কাব্য।

মিঃ চোপড়া বলেন, ভারতীয় সেনাবাহিনী বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড থেকে দেশকে রক্ষা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যখন আমরা প্রকাশ্যে যুদ্ধে আমাদের সৈন্যদের দ্বারা দেখানো সাহসিকতা উদযাপন করি, তখন এই সত্যকে উপেক্ষা করার প্রবণতা রয়েছে যে সন্ত্রাসবিরোধী কার্যকলাপে আরও বেশি সৈন্য প্রাণ হারায় এবং দুর্ভাগ্যবশত, এই সৈন্যরা খুব বেশি সম্মান পায় না।এটা স্বীকার করা গুরুত্বপূর্ণ যে এই সৈন্যরা শুধুমাত্র শারীরিক প্রতিদ্বন্দ্বিতায় নয়, সামাজিক ও মানসিক সমস্যা ও ভোগ করে। তার পরিবারের সদস্যরা ও সামরিক জীবনের কঠোর বাস্তবতার সাথে লড়াই করে। তাই এই প্রজাতন্ত্র দিবসে আমি সৈনিকের অনুভূতি প্রকাশের লক্ষ্যে একটি গান গেয়েছি। আমার গান, যা ২৬শে জানুয়ারী লঞ্চ হবে, এটি একটি সৈনিকের অনুভূতি কে চিত্রিত করেছে যে তার বিয়ের দিনে একজন সন্ত্রাসীর বিরুদ্ধে এনকাউন্টারে প্রাণ হারায়। আমি বিশ্বাস করি এই উপস্থাপনা সন্ত্রাসবিরোধী অভিযানের সময় আমাদের সৈন্যদের দ্বারা সহ্য করা নৃশংসতাকে তুলে ধরে।

"সফর" শুধু একটি অ্যালবাম নয়; এটি আমাদের মহান জাতির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষাকারী অজ্ঞাত বীরদের প্রতি আন্তরিক শ্রদ্ধাঞ্জলি। এই সঙ্গীত প্রচেষ্টার মাধ্যমে, মিঃ প্রদীপ চোপড়া ভারতীয় সেনাবাহিনীর গৃহীত বৈচির্ত্যময় এবং চ্যালেঞ্জিং যাত্রা প্রদর্শনের মাধ্যমে আমাদের জাতির অভিভাবকদের প্রতি গর্ব ও কৃতজ্ঞতার বোধ জাগিয়ে তোলার লক্ষ্য রাখে।

তার উচ্ছ্বাস প্রকাশ করে,মিঃ প্রদীপ চোপড়া, চেয়ারম্যান, iLead এবং PS গ্রুপ, বলেন, "'সফর'-এর মাধ্যমে আমি ভারতীয় সেনাবাহিনীর বুননে বোনা সাহসিকতা এবং আত্মত্যাগের অসাধারণ গল্পগুলিকে সামনে আনতে আশা করি । এটা সেই বীর সৈনিকদের প্রতি শ্রদ্ধা যারা আমাদের রাষ্ট্রের রক্ষা করার জন্য তাদের জীবন উৎসর্গ করেছেন।"

২৬শে জানুয়ারি, ২০২৪-এ "সাফর"-এর মুক্তির জন্য সাথে থাকুন, কারণ iLEAD এবং মিঃ প্রদীপ চোপড়া সঙ্গীতের বৈশ্বিক ভাষার মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীর বীরত্ব ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন ।

## তৃণমূলের পতাকায় ছয়লাপ রাহুলের ভারত জোড়ে যাত্রা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচনে রাজ্যে কংগ্রেসের সঙ্গে ভোটে যেদিন ভেটো দিয়ে দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়, সেদিনই প্রকাশ্যে এল রাহুলের ভারত পতাকা। মঙ্গলবার গুয়াহাটিতে রাহুলের যাত্রায় দলীয় পতাকা নিয়ে হাজির হন সেরাজ্যের তৃণমূল কর্মীরা। যাকে তীব্র কটাক্ষ করেছেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু অধিকারী বলেন, 'তা আমাদের কী! সিপিএম কংগ্রেস তো একসঙ্গে অনেক ভোটে লড়েছে। আমরা

এরপর ৩ পাতায়




## তালদি মোহনচাঁদ স্কুলের প্লাটিনাম জুবিলী পালিত হল




**নিজস্ব সংবাদদাতা : স্টাফ রির্পোটার :** স্কুলের ৭৫ বছর বর্ষ পদার্পন উপলক্ষ্যে দক্ষিণ ২৪ পরগনার তালদিতে পালিত হল দুদিন প্লাটিনাম জুবিলী উৎসব। বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে স্কুলের পড়ুয়ারা তালদি স্কুলের আশপাশের এলাকা পরিক্রমা করে। দিনের এই অনুষ্ঠানে স্কুলের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকারা নানান সাংস্কৃতি অনুষ্ঠান পরিবেশন করে। এলাকার দুংস্থ রোগীদের কথা ভেবে স্কুল পড়ুয়াদের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল।ঐতিহ্যবাহী স্কুলের এই স্কুলের অনুষ্ঠান দেখতে তালদি, চাঁদখালী, কুমড়ো, অন্ধারিয়া, জীবনতলা, মৌখালি-সহ বিভিন্ন এলাকার মানুষ অনুষ্ঠান দেখতে ভিড় জমিয়েছিলেন। শেষদিন বহিরাগত শিল্পীদের দিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়েছে।

## কোলকাতা প্রেসক্লাবে এক বেসরকারি সংগঠনের

# আনুষ্ঠানিক প্রতিষ্ঠা দিবসে স্বপন দত্ত বাউলকে গুণীজন সংবর্ধনা



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন, কলকাতা, ২৫ শে জানুয়ারি :** কোলকাতা প্রেস ক্লাবে এক বেসরকারী সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে এক মহতী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে গেল। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জন ভারত সংগঠনের প্রতিষ্ঠাতা মাননীয় সৌরভ মুখার্জি , এছাড়া কৌশিক সামন্ত, হরি হালদার, সমাজসেবি ডা:সৌমেন সিংহ রায় , অভিনেতা ও সঙ্গীত শিল্পী তিমির বরণ দাস , বীরেন্দ্র সিং দেউ সঙ্গীত শিল্পী শ্রীমতী শীলা দাস প্রমুখ বিশিষ্ঠ ব্যাক্তিত্ব। উক্ত অনুষ্ঠানে বিশিষ্ঠ ব্যাক্তিবর্গ তাদের মূল্যবান বক্তব্যে বলেন যে রাজ্য সরকার ও কেন্দ্র সরকারের বহু প্রকল্প আছে কিন্তূ অনেকেই সেই সব প্রকল্পের বিষয়ে ঠিকমতো অবগত নয় । আমাদের সংগঠনের কাজ হবে সেই সমস্ত মানুষকে সঠিক তথ্য জানানো যাতে তারা সেই সব সুযোগ সুবিধা পায় তার ব্যাবস্থা করা। কোলকাতা প্রেস ক্লাবে বেসরকারী সংগঠণের প্রতিষ্ঠা দিবস উদ্বোধন অনুষ্ঠানে আমন্ত্রিত ছিলেন রাষ্ট্রপতির প্রসংশিত শিল্পী স্বপন দত্ত বাউল। এই আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী , জাতীয় সম্মান প্রাপ্ত শিল্পী বহুমুখী প্রতিভায় সন্মানিত, নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন, কুসংস্কার কুপ্রথা দূরীকরণ এবং দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বাউল গানের বার্তায় স্বপন দত্ত বাউলকে গুণীজন সংবর্ধনা তুলে দিলেন সংগঠণের প্রতিষ্ঠাতা সৌরভ মুখার্জি সংগঠনের সকল সদস্যদের উপস্থিতিতে। সংগঠনের প্রতিষ্ঠাতা সৌরভ মুখার্জি স্বপন দত্ত বাউলের নিঃস্বার্থ সমাজের কাজের প্রসংশা করেন এবং সমাজের নানান সমস্যা ও রাজ্য সরকারের ও কেন্দ্র সরকারের উন্নয়ন মূলক নানান জনমুখী প্রকল্প নিয়ে নিজের উদ্যোগেই বাউল গানে সারা রাজ্যের জেলায় জেলায় সমাজকে সচেতন করাকে সাধুবাদ জানান । অভিনেতা ও সঙ্গীত শিল্পী তিমির বরণ দাস বলেন এমন নিজের উদ্যোগে নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে বাউল গানে সমাজ সচেতন করতে তিনি এর আগে কাউকে দেখেন নি। সঙ্গীত শিল্পী শীলা দাস বলেন

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# কংগ্রেস ছেড়ে পদ্ম শিবিরে যোগ দিলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী

জগদীশ শেট্টার ২০২৩ সালের কর্ণাটক বিধানসভা নির্বাচনে হুবলি-ধারওয়াড়-সেন্ট্রাল থেকে কংগ্রেস প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করেছেন। শেট্টার পরাজিত হন বিজেপির মহেশ তেঙ্গিনাকাই কাছে। ৩৪,০০০ এরও বেশি ভোটে পরাজিত হয়েছিলেন শেট্টার। আর তাই লোকসভার আগে ফের বিজেপিতে যোগ দিলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী।

১-ম পাতার পর

# নিজাম প্যালেসে হাজিরা 'কাকু-ঘনিষ্ঠ' সিভিক ভলান্টিয়ারের

ফোন থেকে মুছে দিয়েছিলেন রাহুল। এই বিষয়ে সুজয়কে জিজ্ঞাসা করা হলে তিনি যাবতীয় অভিযোগ অস্বীকার করেন। কিন্তু তাদের কাছে এই সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যপ্রমাণ আছে বলে দাবি করেছিল ইডি।নির্দেশ যিনি দিচ্ছিলেন সেটা যে 'কাকুর'ই গলা ছিল, তা প্রমাণ করার জন্য তাঁর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহের সিদ্ধান্ত নেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। কিন্তু 'শারীরিক অসুস্থতার' জন্য এসএসকেএম হাসপাতালে ভর্তি করানো হয় সুজয়কৃষ্ণকে। তাঁর গলার স্বরের নমুনা সংগ্রহ করতে গিয়ে বার বার ফিরে আসতে হয় তদন্তকারীদের। তার পরই বিষয়টি আদালতে তোলে ইডি।

১-ম পাতার পর

# নিজাম প্যালেসে হাজিরা 'কাকু-ঘনিষ্ঠ' সিভিক ভলান্টিয়ারের

পরিবর্তনের সময়।”

কয়েকদিন আগে মরণোত্তর ভারতরত্নে সম্মানিত হয়েছেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুর। পিছিয়ে পড়া জাতির মানুষের উন্নয়নে অবদানের জন্যই তাঁকে সর্বোচ্চ নাগরিক সম্মানে সম্মানিত করেছে কেন্দ্র। এদিন সেই প্রসঙ্গে দ্রৌপদী মুর্মু বলেন, ”তাঁর অবদানের মাধ্যমে জনজীবনকে সমৃদ্ধ করার জন্য আমার শ্রদ্ধা জানাই কর্পূরীজিকে।”পাশাপাশি অযোধ্যায় রামলালার প্রাণপ্রতিষ্ঠার প্রসঙ্গও উঠে আসে তাঁর মুখে। তিনি বলেন, ”আমরা সাক্ষী থাকলাম প্রভু শ্রীরামের জন্মভূমি অযোধ্যায় নির্মিত নতুন মন্দিরে তাঁর ঐতিহাসিক প্রাণপ্রতিষ্ঠার।”

২ পাতার পর

# কোলকাতা প্রেসক্লাবে এক বেসরকারি সংগঠনের আনুষ্ঠানিক প্রতিষ্ঠা দিবসে স্বপন দত্ত বাউলকে গুণীজন সংবর্ধনা

সকলেই তো সার্থের লোভে ছুটে বেড়ায় পয়সা ছাড়া কেউ কিছুই করে না সেখানে স্বপন দত্ত বাউলকে গুণীজন সংবর্ধনা দেওয়া দেখে আমি খুবই আনন্দ পেলাম। ডা: সৌমেন সিংহ রায় বলেন আজকের দিনে সমাজ কে রক্ষা করতে স্বপন বাউলের মত বিনা পারিশ্রমিকে নিঃসার্থ উদ্যোগ নজিরবিহীন ঘটনা। অনুষ্ঠানে উপস্থিত সদস্যবৃন্দরা এমন একজন নিঃস্বার্থ সমাজসেবক বাউল পেয়ে সকলেই আনন্দিত।এবং গুণীজন সংবর্ধনার সঙ্গে সকলেই স্বপন বাউলের সুস্থ সুরক্ষিত জীবন ও মঙ্গল কামনা করেন।

২ পাতার পর

# তৃণমূলের পতাকায় ছয়লাপ রাহুলের ভারত জোড়ে যাত্রা



থাকে তার নাম হচ্ছে ডবল ইঞ্জিন। ডবল ইঞ্জিনেপ সুফল, তার মিষ্টত্ব, তার মধুময় সুখকর অনুভূতি উত্তর প্রদেশ থেকে অসম সর্বত্র গেলে পাবেন। যেটা পশ্চিমবঙ্গে আপনি পাচ্ছেন না'।মঙ্গলবার গুয়াহাটিতে রাহুলের ভারত জোড়ো ন্যায় যাত্রায় দেখা যায় এক ঝাঁক তৃণমূলের পতাকা। তখনও অবশ্য দলনেত্রীর অবস্থান জানা ছিল না তৃণমূল সমর্থকদের। ঘাসফুল

মানুষের কাছে একটা বার্তা দেওয়ার জন্য এসেছি। কেন্দ্রে যে দলের সরকার আছে রাজ্যে সেই দলের সরকার না হলে বেকারত্ব মোচন হবে না, পরিযায়ী শ্রমিকরা বাড়ি ফিরবে না, শিল্প আসবে না, সাড়ে চারশো টাকার গ্যাস পাবেন না, লাঢ়লি বহিন, অন্নপূর্ণা যোজনার সুবিধা পাবেন না, পশ্চিমবাংলা চোরমুক্ত হবে না, কয়লা বালি পাথরের রাজস্ব সরকারের ঘরে আসবে, বর্ডার দিয়ে গোমাতা পাচার বন্ধ হবে, মানুষ শান্তিতে থাকবে। এটা একমাত্র সম্ভব, দিল্লিতে যে দলের সরকার আছে সেই দলের সরকার যদি রাজ্যে সমর্থকদের উদ্দেশে হাত নাড়তেও দেখা যায় রাহুল গান্ধীকে। সিপিএমের পতাকাও দেখা গিয়েছে রাহুলের যাত্রায়।

২ পাতার পর

# ৩০শে জানুয়ারি রাজ্য জুড়ে মিছিল মহিলা তৃণমূল কংগ্রেসের

করছে তার বিরুদ্ধে এই মিছিল হবে বলে জানিয়েছেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।এই মিছিল প্রসঙ্গে চন্দ্রিমা বলেন,'বিজেপি নেতৃত্বরা , বিশেষ করে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতি অসম্মানসূচক কথাবার্তা বলছে। মহিলাদের সম্মান দেখানোর একটা ভুয়া প্রচেষ্টা করা হচ্ছে সংরক্ষণ বিল আনা সহ অন্যান্য বিষয়ের মধ্যে দিয়ে। বর্তমানে মহিলারা বুঝতে পারছে বোকা বানিয়ে ভোট আদায়ের চেষ্টা করছে বিজেপি।'

আগামী ৩০ শে জানুয়ারি মহিলা তৃণমূল কংগ্রেসের মিছিল ৩৫ টি সাংগঠনিক জেলার ৩৪ টি জায়গায় হবে দুপুর একটা থেকে। কলকাতায় সুবোধ মল্লিক স্কোয়ার থেকে গান্ধী মূর্তির পাদদেশ পর্যন্ত এই মিছিল হবে। জানা গিয়েছে, এই মিছিলের স্লোগান হল 'কেন্দ্রীয় সরকারকে চলো পাল্টাই'।

এছাড়াও চন্দ্রিমা বলেন,' সঠিক ভোটারকে কিভাবে ভোটার লিস্টে স্থান দিতে হব, সেই কাজ বাংলায় শুরু হয়েছে।' পাশাপাশি বুধবার মুখ্যমন্ত্রী লোকসভা নির্বাচনে একাই লড়বেন বলে ডাক দিয়েছেন । আর তারপরেই বিরোধী শিবিরের দাবি তুলেছে মমতা ইন্ডিয়া জোট থেকে বেরিয়ে এসেছেন।

এবার সেই প্রসঙ্গ তুলেই চন্দ্রিমা বলেছেন, 'জোট ছেড়ে দিয়েছেন এমন কথা মুখ্যমন্ত্রী বলেননি । তিনি লোকসভা নির্বাচনে বাংলার কথা বলেছেন।'

# হিমাচল প্রদেশের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সেই রাজ্যের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ২৫ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী হিমাচল প্রদেশের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সেই রাজ্যের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী এক্স বার্তায় বলেন;

“হিমাচল প্রদেশে বসবাসকারী আমার পরিবার পরিজনেরা প্রকৃতি ও কলা সংস্কৃতির সঙ্গে যুক্ত থাকার পাশাপাশি তাঁদের সাহস ও শৌর্যের জন্যও পরিচিত। নিজেদের গৌরবময় ঐতিহ্য সংরক্ষণের জন্য তাঁরা সর্বদাই নিজেদের সমর্পণ করে রাখেন। হিমাচল প্রদেশের পূর্ণ রাজ্য হিসেবে মর্যাদা পাওয়ার এই দিনে সেখানে বসবাসকারী সকলকে আমার তরফ থেকে

# রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি ক্ষেত্রে কয়লা/লিগনাইট গ্যাসীয়করণ উন্নয়ন প্রকল্পে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি ক্ষেত্রে কয়লা/লিগনাইট গ্যাসীয়করণ উন্নয়ন প্রকল্পে অনুমোদন দেওয়া হয়েছে। ৮৫০০ কোটি টাকার কয়লার গ্যাসীয়করণ প্রকল্পে তিনটি শ্রেণীতে অনুদান দেওয়া হবে। এর মধ্যে ৪০৫০ কোটি টাকার রাষ্ট্রায়ত্ত তিনটি প্রকল্পে ১৩৫০ কোটি টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে। দ্বিতীয় ক্ষেত্রে, ৩৮৫০ কোটি টাকার বেসরকারি ও সরকারি রাষ্ট্রায়ত্ত প্রকল্পে ১০০০ কোটি টাকা অনুদান দেওয়া হবে। অন্যদিকে, গ্যাসীয়করণের ৬০০ কোটি টাকার ক্ষুদ্র প্রকল্পে ১০০ কোটি টাকা অনুদান দেওয়া হবে। দুটি কিস্তিতে এই অনুদান দেওয়া হবে।

# সাধারণতন্ত্র দিবস - ২০২৪ উপলক্ষে পুলিশ, দমকল, হোমগার্ড এবং নাগরিক সুরক্ষা ও পরিষেবা ক্ষেত্রের ১১৩২ জন কর্মীকে সাহসিকতা / সেবা পদকের সম্মান পাচ্ছেন

**নতুন দিল্লি, ২৫ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** সাধারণতন্ত্র দিবস = ২০২৪ উপলক্ষে পুলিশ, দমকল, হোমগার্ড এবং নাগরিক সুরক্ষা ও পরিষেবা ক্ষেত্রের ১১৩২ জন কর্মীকে সাহসিকতা / সেবা পদকে সম্মানিত করা হয়েছে। সরকার চলতি সম্প্রতি বিভিন্ন পুরস্কারের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে নানা পদক্ষেপ নিয়েছে ১৬টি শৌর্য পদক (পুলিশ, দমকল, হোমগার্ড ও নাগরিক প্রতিরক্ষা পুরস্কারকে চারটি পদকের সঙ্গে মিলিয়ে দেওয়া হয়েছে। এগুলি হল -

১. শৌর্যের জন্য রাষ্ট্রপতি পদক।

২. শৌর্য পদক।

৩. বিশেষ পরিষেবার জন্য রাষ্ট্রপতি পদক।

৪. প্রশংসনীয় পরিষেবার জন্য পদক। সম্প্রতি পুলিশ, দমকল, নাগরিক নিরাপত্তা ও পরিষেবা সংক্রান্ত ১,১৩২ জন কর্মীকে সাধারণতন্ত্র দিবস ২০২৪ উপলক্ষে সাহসিকতা / সেবা পদকে সম্মানিত করা হয়েছে। এর বিবরণ নিম্নরূপ্‌ সাহসিকতার জন্য রাষ্ট্রপতি পদক পেয়েছেন ২ জন ও সাহসিকতা পদক পেয়েছে ২৭৫ জন। জীবন ও সম্পত্তি রক্ষা বা অপরাধ নিয়ন্ত্রণ, অপরাধী গ্রেপ্তার সহ বিভিন্ন কাজে উল্লেখযোগ্য ভূমিকার জন্য এই পদক প্রদান করা হয়। এই ২৭৭টি পদকের মধ্যে ১১৯টি পদক বামপন্থী সন্ত্রাসবাদ প্রভাবিত এলাকার কর্মীরা পেয়েছেন। এছাড়া জম্মু-কাশ্মীরের ১৩৩ জন ও অন্যান্য অঞ্চলের ২৫ জন কর্মী এই পুরস্কার পান। বিশিষ্ট সেবার জন্য রাষ্ট্রপতি পদক প্রদান করা হয়। এবার ১০২ জন এই পদক পেয়েছেন। যার মধ্যে ৯৪ জন পুলিশ সেবা, ৪ জন দমকল সেবা এবং ৪ জন নাগরিক সুরক্ষা ও হোমগার্ড সেবার জন্য সম্মানিত হয়েছেন।

# ভারত ও ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে যৌথ অর্থ ও বাণিজ্য কমিটি গঠনের জন্য প্রোটোকল স্বাক্ষরে অনুমোদন মন্ত্রিসভার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অনুষ্ঠিত আজ কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রক এবং ডোমিনিকান প্রজাতন্ত্রের বিদেশ মন্ত্রকের মধ্যে যৌথ অর্থ ও বাণিজ্য কমিটি গঠন (জেটকো)-সংক্রান্ত প্রোটোকল স্বাক্ষরের প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়েছে। ভারত ও ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক অত্যন্ত বন্ধুত্বপূর্ণ এবং সমস্ত ক্ষেত্রে তা ক্রমশ গভীর হচ্ছে। বর্তমানে ভারত ও ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে ব্যবসা-বাণিজ্যের কোনও দ্বিপাক্ষিক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নেই। ভারত ডোমিনিকান প্রজাতন্ত্র থেকে সোনা আমদানি করে এবং ওষুধ পত্র, সামুদ্রিক উৎপাদনসমূহ, মোটর গাড়ি, দুই ও তিন চাকার যান প্রভৃতি রফতানি করে থাকে। জেটকো তৈরি হলে, ভারত ও ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে আর্থিক বন্ধন মজবুত হবে এবং পারস্পরিক বোঝাপড়া, তথ্য, জ্ঞান ও ভাবনার আদানপ্রদানের ক্ষেত্রে তা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে, যা ব্যবসা-বাণিজ্যের পথ সুগম করবে। লাতিন আমেরিকা ও ক্যারিবীয় বাজার ধরার ক্ষেত্রে এই প্রোটোকল কার্যকর প্রবেশদ্বার হিসেবে কাজ করবে। যৌথ কমিটি গঠনের ফলে দুই দেশেই পেশাদারদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

# মমতার কনভয়ের মাঝে ঢুকল অন্য গাড়ি! শঙ্কর বলছেন 'পুলিশের ভিতরেও ক্ষোভ


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রীর কনভয়ের মাঝে কীভাবে অন্য গাড়ি ঢুকে পড়ল? তা নিয়ে ইতিমধ্যেই বিস্তর চর্চা শুরু হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় শুধু মুখ্যমন্ত্রীই নন, তিনি রাজ্যের পুলিশমন্ত্রীও বটে। সেক্ষেত্রে শেষ পর্যন্ত পুলিশ বিষয়টি খতিয়ে দেখার পর কী পাওয়া গেল, সেটা যাতে 'মুখ্যমন্ত্রীর দফতর তথা পুলিশমন্ত্রীর দফতর থেকে সর্বসাধারণের সামনে তুলে ধরা হয়' সেই দাবি তুললেন বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ।এদিকে শঙ্কর এই ধরনের তত্ত্ব খাঁড়া করায় বেজায় চটেছেন তৃণমূল মুখপাত্র তথা দলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ। শঙ্করকে পাল্টা দিয়ে তিনি এগুলিকে 'তুচ্ছ রুচিহীন কথাবার্তা' বলেই ব্যাখ্যা করছেন। বললেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতা ফেরার পথে একটি মারাত্মক দুর্ঘটনার মধ্যে পড়েছিলেন। কপাল গুণে জোর বেঁচে গিয়েছেন। তাতেও গুরুতর চোট লেগেছে। কনভয়ের মধ্যে আচমকা একটি গাড়ি চলে আসায় ব্রেক কষতে হয়। মাথায় চোট লাগে। বিজেপির এই কীভাবে লাগল, কেন লাগল্‌ এই সস্তা কুরুচিকর রাজনীতিতে তৃণমূল বিশ্বাসী নয়। যে কোনও দলের কারও যদি এই ধরনের দুর্ঘটনা ঘটত, সেক্ষেত্রেও আমাদের একটাই কথা, দ্রুত আরোগ্য লাভ করুন।' বকেয়া মহার্ঘভাতার ইস্যুতে পুলিশের একাংশের মনেও ক্ষোভ জমেছে বলে মনে করছেন বিজেপি বিধায়ক।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতায় ফেরার পথে গতকাল আচমকা একটি গাড়ি ঢুকে গিয়েছিল তাঁর কনভয়ের মাঝে। মুখ্যমন্ত্রীর কথায়, প্রায় ২০০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে ছুটছিল সেই গাড়িটি। তার জেরে মুখ্যমন্ত্রীর গাড়ির চালককে ব্রেক কষতে হয়। কপালে চোট লাগে মুখ্যমন্ত্রীর।



গতকাল এই ঘটনা নিয়ে হইচই পড়ে গিয়েছিল চার দিকে। কীভাবে এই ঘটনা ঘটল, তা নিয়ে এখনই কোনও মন্তব্য করতে চান না মমতা। তিনি বলেছেন, পুলিশ তদন্ত করে দেখুক।আর এক্ষেত্রেই শঙ্করের প্রশ্ন, 'রাজ্যের মুখ্যমন্ত্রীর কনভয় যাচ্ছে। সব খবরই তো পুলিশের কাছে থাকে। তা সত্ত্বেও তাঁর কনভয়ের মধ্যে কীভাবে গাড়ি ঢুকল?' এরপরই শঙ্করের সংযোজন, 'পুলিশের অভ্যন্তরে ক্ষোভ তো রয়েছে বিভিন্ন ধরনের। আমি জানি না, যাঁরা মুখ্যমন্ত্রীর নিরাপত্তার সঙ্গে যুক্ত, তাঁদের মধ্যে কোনও ধরনের দুর্বলতা জন্মেছে কি না। যাঁরা পুলিশের নীচুস্তরের রয়েছেন, তাঁদের বাড়ির পোষা প্রাণীর মতো ব্যবহার করা হয়।'

যদিও পুলিশের একাংশের মধ্যে যে ক্ষোভের তত্ত্ব তিনি তুলে ধরছেন, সেই কারণেই এই ত্রুটি হয়েছে কি না, সেই বিষয়ে স্পষ্ট নন বিজেপি বিধায়ক। শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষের বক্তব্য, 'আইপিএস, আইএএসদের মতো বড় অফিসারদের দিয়ে পুরো রাজ্য চালাতে গিয়ে অন্যদের অবদলিত করা হচ্ছে। পুলিশও ডিএ, ইত্যাদি পাচ্ছে না। ফলে বিভিন্ন ধরনের ক্ষোভ জন্মেছে। তবে আমি এটা বলতে পারব না, এইসব ক্ষোভের পরিণতিতে এই ধরনের কোনও ত্রুটি হয়েছে কি না।'



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ০২৬ সংখ্যা ২৬ জানুয়ারী, ২০২৪ শুক্রবার ১১ মাঘ, ১৪৩০

## সম্পাদকীয়

## সহজ হচ্ছে অমরনাথ যাত্রা, বড় পরিকল্পনার কথা শোনাল সরকার

অমরনাথ, কেদারনাথ যাত্রা একেবারেই সহজ নয়। অত্যন্ত কঠিন তার পথ। কিন্তু এবার সরকার তীর্থযাত্রীদের কষ্ট লাঘব করতে উদ্যোগী হয়েছে। কেদারনাথের রাস্তা সুগম করার একদিকে যেমন চেষ্টা চলছে সেরকমই অমরনাথ যাত্রার কষ্টও লাঘব করার চেষ্টা করছে কেন্দ্র।এছাড়া অসমের কামাক্ষ্যা মন্দির, অরুণাচল প্রদেশের তাওয়াং মনেস্ট্রি, গুজরাতের স্ট্যাচু অব ইউনিটি থেকে সবরমতির আশ্রম, মধ্যপ্রদেশের গোয়ালিয়র ফোর্ট, তামিলনাড়ুর মেরিয়া বিচ এই সবগুলিতেই রোপওয়ে পরিষেবা চালু করা হবে। তবে সবার আগে যে প্রকল্পটিতে জোর দেওয়া হয়েছে সেটি হল অমরনাথ। জম্মু-কাশ্মীরের বালতাল থেকে অমরনাথ গুহা পর্যন্ত রোপওয়ে পরিষেবা চালু করা হবে। কেন্দ্রীয় পরিবহণ মন্ত্রী জানিয়েছেন ২০০ প্রকল্পের জন্য খরচ হবে ১.২৪ লক্ষ কোটি টাকা। কাজ শেষ করতে ৫ বছর সময় লাগবে।জানা গিয়েছে খুব শীঘ্রই নাকি এই দুই তীর্থযাত্রীয় রোপওয়ে পরিষেবা শুরু হবে।বারাণসীর কাশীবিশ্বনাথ মন্দিরের জন্য মোদী সরকার এবং যোগী সরকারের যৌথ উদ্যোগে সেই রোপওয়ে পরিষেবা শুরু হয়েছে। তাতে তীর্থযাত্রীদের কষ্ট অনেকটাই লঘু হয়েছে। বারাণসী ক্যান্টনমেন্ট স্টেশন থেকে গোডওয়ালি চক পর্যন্ত চলছে রোপওয়ে পরিষেবা।প্রায় ৪ কিলোমিটার এই রোপওয়ে পরিষেবায় সুবিধা পেয়েছেন পুণ্যার্থীরা। যাঁরা একেবারে স্টেশন থেকে কাশীবিশ্বনাথের দর্শন করতে আসবেন তাঁরা সবচেয়ে বেশি সুবিধা পাবেন। ইতিমধ্যেই গোটা দেশে ৩০টি রোপওয়ে প্রকল্পের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এবার ধাপে ধাপে একাধিক তীর্থক্ষেত্রেই এই রোপওয়ে পরিষেবা চালু করা হবে। যেমন গৌরীকুণ্ড থেকে কেদারনাথ। প্রায় ১০ কিলোমিটার রাস্তায় রোপওয়ে পরিষাবা চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

এছাড়াও হেমকুণ্ড সাহিবকেও রোপওয়ের পরিষেবার আওতায় আনার সিদ্ধান্ত হয়েছে। উত্তরাখণ্ডে গোবিন্দঘাট এবং হেমকুন্ড সাহিব পর্যন্ত প্রায় ১৩ কিলোমিটার রাস্তার রোপওয়ের কাজ শুরু হয়ে গিয়েছে। এছাড়া শ্রীনগরের শঙ্করাচার্যের মন্দির, মধ্যপ্রদেশের মহাকালেশ্বর মন্দির এবং উত্তর প্রদেশের প্রয়াগরাজকেও রোপওয়ে পরিষেবার মধ্যে নিয়ে আসা হবে।

## আপনাদের কথাই শুনতে এসেছি,

## জোট-জটের মধ্যেই বাংলায় এসে বার্তা রাহুলের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটের আগে ফের একবার ভারত জোড়ো যাত্রা শুরু করেছে কংগ্রেস। রাহুল গান্ধীর নেতৃত্বে এই যাত্রা অসম থেকে এবার ঢুকেছে বাংলায়। বৃহস্পতিবার বক্সিরহাট দিয়ে কোচবিহারে ঢুকেছে এই যাত্রা। ১৪ বছর পর আবার কোচবিহারের মাটিতে পা রেখেছেন রাহুল গান্ধী।যদিও কংগ্রেসের এই ভারত জোড়ো যাত্রা নিয়ে আগেই ক্ষোভ প্রকাশ করেছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর দাবি, বাংলায় যে কংগ্রেস এই যাত্রা করবে তা তাঁকে জানানো হয়নি। একই সঙ্গে তিনি এও স্পষ্ট করে দেন, জোটের ব্যাপারে প্রথম দিন যা প্রস্তাব দেওয়া হয়েছিল তা কংগ্রেস প্রত্যাখ্যান করেছে। তখনই দল সিদ্ধান্ত নিয়েছে যে বাংলায় একা লড়াই করা হবে।

যদিও বাংলায় তৃণমূলের সঙ্গে জোটের ব্যাপারে দুদিন আগেই রাহুল জানিয়েছিলেন, "মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আমার সম্পর্ক ভাল। ওনার দলের সঙ্গেও সম্পর্ক ভাল। তৃণমূলের সঙ্গে আসন সমঝোতা নিয়ে আলোচনা চলছে। তার নিষ্পত্তি হবে।"এদিন কংগ্রেসের শীর্ষ নেতাকে স্বাগত জানাতে সব রকমভাবে প্রস্তুতি নিয়েছিল বঙ্গ কংগ্রেস শিবির। বক্সিরহাটেই রাহুলের হাতে পোড়া মাটির মা দুর্গার মূর্তি তুলে দেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী। তারপর সভা মঞ্চ থেকে রাহুল গান্ধী বিজেপিকে নিশানা করে বলেন, তারা এবং আরএসএস মিলে দেশজুড়ে হিংসা ছড়াচ্ছে। তার প্রতিবাদ করতেই হবে। পাশাপাশি তিনি এও জানান, বাংলার মানুষের কথা শুনতেই এসেছেন তিনি।

ইন্ডিয়া জোট প্রসঙ্গে কথা বলতে গিয়ে রাহুল গান্ধী এদিন জানান, অন্যায়ের বিরুদ্ধে লড়াই করতেই এই জোট। বাংলার মানুষের কথা শুনতেই তাঁর রাজ্যে আসা। বিজেপি-আরএসএস যে হিংসার পরিবেশ তৈরি করেছে, তার অবসান ঘটাতে হবে।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কারন দেবাদিদেব মহাদেব অল্প তে সন্তুষ্ট হন। তাই মহাদেবের নাম জপ করুন বেকারত্বের অভিশাপ থেকে রক্ষা পেতে পারেন। মহাদেবের বিভিন্ন নাম রয়েছে এই বিশেষ নামগুলির স্থানভেদে বিভিন্ন মাহাত্ম্য রয়েছে,এই নামগুলি জপ করার ফলে অনেক সাফল্য যেমন আসবে তেমন বেকারত্বও কাটবে এবং তা নিয়ে আলোচনা করা হল। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অজানা আজও সুন্দরবনের ইতিহাস



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



পৃথিবীজুড়ে হাজার মহামারী প্রবণতা আসুক না কেন? মানুষ আর ভয় পাচ্ছে না ! মৃত্যুকে হাসি মুখে মেনে নিয়েছে পৃথিবীর জনগণ। আর কতদিন আবদ্ধ থাকবে ঘরের মধ্যে, আবদ্ধ থেকে মানুষের জীবনে হাসপাস নেমে এসেছে। একঘেয়েমি জীবন থেকে বেরিয়ে এসে, একটু পৃথিবীর নির্জন জায়গা খুঁজে পেতে মরিয়া হয়ে উঠেছে সারা ভারতবাসী তথা বিশ্বের ভ্রমণপিপাসু মানুষগুলো। শীত অনুভূতি শুরু হতে না হতে,সুন্দরবন বেরিয়ে আসার প্রবণতা জেগে উঠেছে ভারতবাসীর তথা বিশ্ববাসীর মনে। প্রাকৃতিক সৌন্দর্য, নোনা বাতাস আর নোনা জলের আনন্দ উপভোগ করতে মেতে ওঠেন সুন্দরবনের পরিযায়ী পাখি থেকে মানুষজন। আমি যখন সুন্দরবন আদিবাসী নিয়ে গবেষণা শুরু করেছিলাম সেই সময়,দিনের পর দিন স্বপন সরদার ও আদিবাসী প্রাণপুরুষ আর এক মহান ব্যাক্তি ডক্টর পশুপতি প্রসাদ মাহাতো সঙ্গে তাঁর আবিষ্কার নিয়ে কথা চলল। তিনিও একের পর প্রত্নবস্তুর তথ্য, বিশ্লেষণ ও ছবি পাঠাতে থাকেন। আর আমি সেসব যাচাই করতে ইন্টারনেট ঘাঁটতে থাকি, কখনো লাইব্রেরিতে গিয়ে বই-পুস্তক জোগাড় করি। পাতার পর পাতা পড়ি। গবেষণা বহুদিন চালানোর পরেও সবকিছুই যেন হতাশ হয়ে পরলো অর্থনৈতিক সংক টে ।মানুষ জীবনের জন্য মূল চাবিকাঠি অর্থনৈতিক, অর্থনৈতিক ছাড়া পৃথিবীর কোন কাজ কোন কিছুই সম্ভব নয়।তবে আজকের গবেষণা মূলক কিছু তথ্য দিয়ে সুন্দরবনের ভ্রমণ-কাহিনী ও সুন্দরবনবাসির জীবনযাত্রা এবং সুন্দরবন সম্পর্কে মানুষকে জানিয়ে দেবো আমার এই লেখার মধ্যে দিয়ে।

সুন্দরবনের প্রবেশদ্বার ক্যানিংয়ের দূরত্ব কলকাতা থেকে মাত্র ৪০ কিমি। ১৯৮৯ সালে বায়োস্ফিয়ার রিজার্ভ ও ১৯৯৭ সালে ওয়ার্ল্ড ন্যাচারাল হেরিটেজ সাইটের তকমা পায় সুন্দরবন। সুন্দরবন বায়োস্ফিয়ার রিজার্ভকে গ্লোবাল বায়োস্ফিয়ার রিজার্ভের স্বীকৃতি দিয়েছে ইউনেস্কো। সুন্দর বনে বেড়াতে আসা মানুষদের কে এই তথ্যটা জানার খুব প্রয়োজনীয়।সুন্দর বনে বেড়াতে যাওয়ার আগে পরিকল্পনা করে নিন। কোনদিকে আপনি কিভাবে যাবেন।বেড়ানোকে দু'ভাগে ভাগ করা যায়, এক দিকে সুন্দরবন বায়োস্ফিয়ার রিজার্ভের ভগবতপুর, লোথিয়ান দ্বীপ, বনি ক্যাম্প, কলস ক্যাম্প, অন্য দিকে সুন্দরবন টাইগার রিজার্ভের সজনেখালি, সুধন্যখালি, দোবাঁকি থেকে একেবারে বুড়ির ডাবরি পর্যন্ত। বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ ও বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য।

১) সকাল সন্ধ্যা কলকাতা থেকে গদখালী জেটিঘাট পৌঁছাতে সময় লাগবে প্রায় ৪ ঘন্টা (৮:৩০-১২:৩০)। গদ খালি জেটি ঘাট থেকে লঞ্চ বা ভুটভুটিতে চেপে জঙ্গলের উদ্দেশ্যে রওনা হতে হবে। হোগল, গোমর, দুর্গাদোয়ানি, গোমতী নদী পেরিয়ে ঘণ্টা দেড়েকের মধ্যে সজনেখালি পর্যটন কেন্দ্রে পৌঁছে যাওয়া যাবে। জলযানে যাওয়ার সময় নদীবক্ষেই খাওয়া-দাওয়া এক দারুণ অভিজ্ঞতা। এরপর বিকেলে সজনেখালি পর্যটনকেন্দ্রের ওয়াচ টাওয়ার (watchtower) থেকে জঙ্গল দর্শন, ম্যানগ্রোভ ইন্টারপ্রিটেশন সেন্টার (mangrove interpretation centre), সুধন্যখালির ওয়াচ টাওয়ার, জঙ্গল দেখে আবার একই পথে গদখালি ফিরে আসা যায়।

২) ১ রাত ও ২ দিন সজনেখালি পর্যটনকেন্দ্র থেকে সুধন্যখালি পর্যটনকেন্দ্র একঘন্টার দূরত্ব। ভায়া সুধন্যখালি খাল, বনবিবি ভারানি, পিরখালি খাল, চোরাগাজিখালি খাল হয়ে দোবাঁকি। এই যাত্রাপথ ৩ ঘন্টা সময় ধরে রাখুন। সেখান থেকে ন'বাঁকি নদী, বনবিবি ভারানি খাল, পঞ্চমুখানি নদী, নেতিধোপানী পর্যটন কেন্দ্র এই যাত্রাপথ ১.৫ ঘণ্টা থেকে ২ ঘণ্টা। সেখান থেকে বিদ্যা, মাতলা, হেড়োভাঙ্গা নদী পেরিয়ে ঝড়খালি পর্যটনকেন্দ্র ৪৫ মিনিটের পথ। সেখানে বা পাখিরালয় গিয়ে রাত্রিযাপন অথবা গদখালিও ফিরে আসতে পারেন।

৩) ২ রাত ও ৩ দিন সজনেখালি থেকে বুড়িরডাবরি ৬ ঘন্টার পথ। গোমতী নদী দিয়ে সড়কখালি খাল হয়ে রায়মঙ্গল নদী, কাটোয়াঝারি খাল পেরিয়ে বড় নদীর খাঁড়ির মধ্যে দিয়ে হেঁতাল, বাইনের জঙ্গল দিয়ে বুড়িরডাবরি।

ক) বুড়িরডাবরি থেকে রায়মঙ্গল, ঝিঙেখালি দেড় ঘন্টার রাস্তা। জঙ্গলে রাত্রিযাপন করা যায় অথবা গদখালী ফেরা যেতে পারে। ঐ একই পথে পড়বে কুমিরমারি ও মরিচঝাঁপি।

খ) বুড়িরডাবরি থেকে রায়মঙ্গল নদী হয়ে হরিণভাঙা বনবিভাগ শিবির(forest camp) যেতে ১ ঘন্টা লাগে। রাত্রিযাপনের জন্য সজনেখালি, পাখিরালয় বা দয়াপুর যাওয়া যেতে পারে। পরের দিন বাড়ি ফিরতে গদখালির উদ্দেশ্যে রওনা দিতে হবে। পড়ে সেখান থেকে সড়ক পথে কলকাতা বা অন্যত্র যাওয়ার সুব্যাবস্থা আছে।


গ) সজনেখালি থেকে বনিক্যাম্প যেতে তিন ঘণ্টার পথ। সজনেখালি থেকে বিদ্যা, মাতলা নদী, হেরোভাঙা, ঢুলিভাসানি নদী হয়ে কলসদ্বীপ যাত্রা। সেখানে বনের মধ্যে রোমাঞ্চকর রাত্রিযাপন অথবা গদখালি ফিরে আসা যেতে পারে। কলসদ্বীপ থেকে পরের দিন ঢুলিভাসানি, সুন্দরকাটি নদী ধরে বনিক্যাম্প হয়ে গদখালি ফেরা যাবে। এই রাস্তাটুকু ৫ ঘন্টার কিছু বেশী লেগে যাবে। ভগবৎপুর, লোথিয়ান দ্বীপ, হ্যালিডে দ্বীপ, বনিক্যাম্প, কলসদ্বীপ এই জায়গাগুলো অবশ্য দর্শনীয়।আজকের দিনে মানুষরা সুন্দরবন বেড়াতে আছে শুধু আনন্দ ও সৌন্দর্য উপভোগ করা এবং খাওয়া দাওয়ার জন্য। এটা মনের খিদে আর শারীরিক চাহিদা কিছুটা মেটে। অন্যদিকে এমনও মানুষ আছে সুন্দরবন দেখান সাথে সাথে তার ইতিহাসটা জানার ইচ্ছা থাকে প্রবল। তিনি হয়তো লেখক হতে পারে কবি হতে পারে ও গবেষক ও হতে পারে। তাদের জন্য সময় উপযোগী লেখা টি সুন্দরবন ঐতিহাসিক নিদর্শন ও সুন্দর মানুষের জীবনযাত্রার মান তুলে ধরা অবশ্যই কার্যকারী তো পাবে। এসব কথাগুলো আজ আমার কলমে তুলে ধরছি যা আমার গবেষণা কিছু তথ্যভিত্তিক বিশ্লেষণ দিয়ে। প্রায় দু'হাজার বছর আগে (মধ্যযুগে) এক প্রাকৃতিক বিপর্যয়ের পর সুন্দরবন সৃষ্টি হয়েছে বলে বিশেষজ্ঞদের দাবি। এক সময় এই অঞ্চল ছিল সমুদ্র গর্ভে। ভূমিকম্পের পর উত্থান ঘটেছে। অতীতেও সুন্দরবনের জঙ্গল ও তার আশপাশে জনবসতি ছিল। দুই ২৪পরগনা এবং বাংলাদেশের বিভিন্ন এলাকায় পাওয়া প্রত্নতত্ত্ব থেকে জৈন ও বৌদ্ধবিহার, বৌদ্ধমুদ্রা, ভগ্নমঠ, স্তূপের সন্ধান পাওয়া গিয়েছে। মিলেছে কুষাণ ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

cinema TV

## রামমন্দির নির্মাণে শোবিজ তারকারা কত টাকা দিয়েছেন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** রামমন্দির উদ্বোধনের বিষয়টি কয়েকদিন ধরে সংবাদের মূল শিরোনাম হয়ে আসছে। ২২ জানুয়ারি ব্যাপক আলোচিত এ মন্দিরের উদ্বোধন। ভারত সরকারের শীর্ষ ব্যক্তি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এটি আজ উদ্বোধন করছেন।

রামমন্দির উদ্বোধন উপলক্ষে ভারতের অযোধ্যায় যেন এক বিরাট উৎসবের আয়োজন চলছে। দেশটির বিভিন্ন শহর থেকে অযোধ্যা বিমানবন্দর পর্যন্ত আলাদা বিমান সেবাও শুরু হয়েছে।

জানা গেছে, ভারতের বিভিন্ন প্রান্ত থেকে ৮০০০ মানুষ উদ্বোধনের সময় অযোধ্যায় উপস্থিত থাকবেন। বেশ কয়েক বছর সময় লেগেছে এ মন্দিরটি নির্মাণ করতে। এটি নির্মাণ করেত খরচ হয়েছে প্রায় ১১০০ কোটি রুপি। যা বাংলাদেশি মুদ্রার ১৪২৯ কোটি টাকারও বেশি। রামমন্দির তৈরিতে সাহায্য করেছেন ভারতের শোবিজ ভুবনের বাসিন্দারাও। এদের তালিকায় রয়েছেন প্রথম সারির বেশ কয়েজন বলিউড তারকা।

এদের মধ্যে রয়েছেন অক্ষয় কুমার, অনুপম খের, গুরমিত চৌধুরি, পবন, হেমা মালিনীসহ আরও অনেকে। তাদের ভক্তরা জানতে যাচ্ছেন এ তারকারা কত টাকা দিয়েছেন রামমন্দির নির্মাণের জন্য।

বলিউড তারকা অক্ষয় কুমারের সঙ্গে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সুসম্পর্ক দীর্ঘদিনের। অক্ষয় বছর দুয়েক আগে রামমন্দির নির্মাণের জন্য তার ভক্ত-অনুরাগীদের কাছে আর্থিক অনুদান চেয়েছিলেন। নিজেও মোটা অংকের অর্থ অনুদান দিয়েছেন এ অভিনেতা। তবে তিনি টাকার অংক প্রকাশ করতে চাইছেন।

অভিনেতা অনুপম খের রামমন্দির নির্মাণের পক্ষে বার বার জয়গান গেয়েছেন। মন্দির নির্মাণে 'রাম' লেখা ইট দিয়েছেন। পূর্বপুরুষদের শ্রদ্ধা জানিয়ে এ অনুদান দিয়েছেন অভিনেতা।

মথুরার সংসদ সদস্য বলিউডের বর্ষীয়ান অভিনেত্রী হেমা মালিনী রামমন্দির নির্মাণে বিপুল অংকের অর্থ অনুদান দিয়েছেন বলে জানা গেছে। তবে টাকার অংক তিনিও প্রকাশ করতে চাইছেন না।

ভারতীয় হিন্দি টেলিভিশনের জনপ্রিয় অভিনেতা মুকেশ খন্না। 'শক্তিমান' সিরিয়ালের মাধ্যমেই তিনি জনপ্রিয়তা লাভ করেন। তিনি মন্দির নির্মাণে ১ লাখ রুপি দিয়েছেন অযোধ্যার বিধায়ককে। যা বাংলাদেশি মুদ্রায় ১ লাখ ৩২ হাজার টাকারও বেশি।

রামের চরিত্রে অভিনয় করে টেলিভিশনে আত্মপ্রকাশ করেন অভিনেতা গুরমীত চৌধুরি। রামমন্দির নির্মাণে তিনিও মোটা অংকের আর্থিক অনুদান দিয়েছেন। তিনি টাকার অংক প্রকাশ করেননি।

রামমন্দির নির্মাণে শুধু বলিউডের তারকারা নন, এগিয়ে এসেছেন দক্ষিণী সিনেমার তারকারাও। দক্ষিণী অভিনেতা পবন কল্যাণ প্রায় ৩০ কোটি রুপি আর্থিক সাহায্য করেছেন মন্দির নির্মাণে। যা ৩৯ কোটি টাকারও বেশি। এ ছাড়া আরও অনেক অভিনেতাই সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন, তবে আসল অংক খোলাসা করতে চাইছেন না তারা।

## সবাই আমাকে নাচতে ডাকে, সিনেমায় নেয় না : পূজা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সিনেমায় নায়িকা হিসেবে না নেওয়ায় এবার ক্ষোভ উগরে দিলেন ওপার বাংলার চিত্রনায়িকা পূজা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেছেন, 'কনটেন্ট বেসড সিনেমায় আমায় কেউ নেয়ও না। সবাই আমাকে দিয়ে আইটেম ডান্স করাতে চায়, এই ধারার সিনেমাতে খুব একটা আমায় নিয়ে কেউ ভাবেনওনা।'

মুক্তির অপেক্ষায় রয়েছে তার নতুন ওয়েব সিরিজ 'ক্যাবারে' প্রসঙ্গে কথা বলতে গিয়ে ভারতীয় সংবাদ মাধ্যমকে এমন কথা বলেন পূজা। অভিনেত্রী বলেন, 'এখন আর অত কমার্শিয়াল সিনেমা তৈরি হয় না, তবে আমার বিশ্বাস আবার সেই সময়টা ফিরে আসবে যখন ওই ধারার সিনেমা তৈরি করবেন পরিচালকরা।'

উৎসব মুখোপাধ্যায় পরিচালিত নতুন ওয়েব সিরিজে মুখ্য চরিত্রে অভিনয় করছেন পূজা। এক সরল সাদা মেয়ের সাধারণ জীবন থেকে শহরের রাতপরী হয়ে ওঠার গল্প রয়েছে এতে। ৬০ ও ৭০ দশকের এক ক্যাবারে ডান্সারের চরিত্র করতে গিয়ে যে জার্নির মধ্যে দিয়ে গিয়েছেন, পূজা তা খুবই উপভোগ করেছেন।

এই সিরিজের জন্য নিজেকে তৈরি করতে নতুন নাচ শিখেছেন তিনি। ক্যাবারে ক্যুইন হেলেনই তার অনুপ্রেরণা। তার নৃত্যশৈলি, বডি ল্যাঙ্গুয়েজ, এক্সপ্রেশন দেখেই নিজের মত করে তৈরি করেছেন তিনি। সিরিজে রেট্রো লুকে দেখা যাবে তাকে। তা নিয়ে প্রথম থেকেই এক্সাইটেড ছিলেন।

## ঝড় তুলতে আসছে হৃতিকের ফাইটার





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আগামী ২৫ জানুয়ারি মুক্তি পেতে চলেছে বলিউড অভিনেতা হৃতিক রোশন এবং দীপিকা পাড়ুকোন অভিনীত এরিয়াল অ্যাকশন মুভি ফাইটার। এ ছবিটি অ্যাডভান্স টিকিট বুকিং ইতোমধ্যেই শুরু হয়ে গেছে। মুক্তির ৪ দিন আগে অ্যাডভান্স বুকিং শুরু হতেই ২ কোটি আয় করে ফেলেছে এই ছবি। ছবিটি ইতোমধ্যেই ২.৮২ কোটি রূপি আয় করে ফেলেছে ভারত থেকে হওয়া অ্যাডভান্স টিকিট বিক্রির মাধ্যমে। এখনও পর্যন্ত এ ছবিটির ৮৫ হাজার ৭৮৮ অগ্রিম টিকিট বিক্রি হয়েছে।

ফাইটার ছবিটি মুক্তি সামনের রেখে এখন পর্যন্ত ৭৫৩৭ শো পেয়েছে। এটি ২ ডি, ৩ ডি, আইম্যাক্স ৩ ডি এবং ৪ ডি ফরম্যাটে দেখা যাবে। তবে এখনও পর্যন্ত হিন্দি ৩ ডি ফরম্যাটে টিকিট সব থেকে বেশি বিক্রি হয়েছে। সেখান থেকেই এই ছবিটি ১.৫৪ কোটি রূপি আয় করেছে।

তবে আঞ্চলিক ভাবে এগিয়ে আছে মহারাষ্ট্র। এই রাজ্যেই সব থেকে বেশি টিকিট বিক্রি হয়েছে ফাইটার ছবির। এরপর আছে দিল্লি, কর্নাটক। তারপর চতুর্থ এবং পঞ্চম স্থানে আছে তেলেঙ্গানা এবং পশ্চিমবঙ্গ।

এই ছবিটির পরিচালনা করেছেন সিদ্ধার্থ আনন্দ। এখানে মুখ্য ভূমিকায় দেখা যাবে হৃতিক রোশন এবং দীপিকা পাড়ুকোনকে। এছাড়া অন্যান্য গুরুত্বপূর্ণ ভূমিকায় থাকবেন অনিল কাপুর, অক্ষয় ওবেরয়, করণ সিং গ্রোভার, প্রমুখ।

## হাসপাতালে ভর্তি সাইফ আলী খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুটিং করতে গিয়ে আহত বলিউড অভিনেতা সাইফ আলী খানকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার মুম্বাইয়ের কোকিলাবেন ধীরুভাই আম্বানি হাসপাতালে ভর্তি করা হয় ৫৩ বছর বয়সী এই অভিনেতাকে।

ইন্ডিয়া ডটকম জানিয়েছে, সাইফ আলী খান হাঁটু ও কাঁধে আঘাত পেয়েছেন। তেলেগু ভাষার 'দেবারা' সিনেমার শুটিং চলাকালে আহত হন সাইফ। অনেক দিন ধরে কাঁধ ও হাঁটুর ব্যথায় ভুগছেন। সম্ভবত, সাইফের হাঁটুতে অস্ত্রোপচার করা হবে। হাসপাতালে এ অভিনেতার পাশে রয়েছেন তার স্ত্রী কারিনা কাপুর খান।

'দেবারা' সিনেমা নির্মাণ করছেন কোরাতলা শিবা। সিনেমাটিতে জুনিয়র এনটিআরের বিপরীতে অভিনয় করছেন শ্রীদেবী কন্যা জাহ্নবী কাপুর। এ সিনেমার মাধ্যমে তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রিতে অভিষেক হতে যাচ্ছে তার।

সবকিছু ঠিক থাকলে আগামী ৫ এপ্রিল প্রেক্ষাগৃহে মুক্তি পাবে 'দেবারা'। উল্লেখ্য, এবারই প্রথম নয়, ২০১৭ সালে পরিচালক বিশাল ভরদ্বাজের 'রঙ্গুন' সিনেমার শুটিং সেটে আহত হন সাইফ আলী খান।

## পিছিয়ে পড়ে

# কোনওমতে ড্র আর্জেন্টিনার



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : অলিম্পিক ফুটবলের বাছাইয়ে শুরুটা ভালো হয়নি আর্জেন্টিনার। দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইয়ে গ্রুপ পর্বের প্রথম ম্যাচে প্যারাগুয়ের সঙ্গে ১-১ গোলে ড্র করেছে বিশ্ব চ্যাম্পিয়নরা।

৬৭ মিনিটে দিয়েগো গোমেজের গোলে পিছিয়ে পড়ে আর্জেন্টিনা। এরপর ৯০ মিনিটে আর্জেন্টিনাকে সমতা এনে দেন লুসিয়ানো গুনদো।

'বি' গ্রুপের খেলায় আর্জেন্টিনা-প্যারাগুয়ে ড্র করলেও চিলিকে হারিয়েছে পেরু। গ্রুপের অপর দল উরুগুয়ে। লাতিন আমেরিকার ১০টি দেশ দুটি গ্রুপে ভাগ হয়ে অলিম্পিক বাছাই খেলছে ভেনেজুয়েলায়। প্রতিটি গ্রুপের সেরা দুটি দল উঠবে বাছাইয়ের চূড়ান্ত পর্বে। সেখানে চার দলের লড়াই শেষে শীর্ষ দুটি দল জায়গা পাবে প্যারিস অলিম্পিকে।

সর্বশেষ দুই অলিম্পিকে গ্রুপপর্ব থেকে বিদায় নেওয়া আর্জেন্টিনা এবার স্বর্ণ পদকের লক্ষ্যে প্যারিসে যেতে চায়। এ জন্য লিওনেল মেসি ও আনহেল দি মারিয়া এবং জাতীয় দলের কোচ লিওনেল স্কালোনিকে অলিম্পিকে পাঠানোর কথা ভাবা হচ্ছে।

প্যারাগুয়ের বিপক্ষে ম্যাচের প্রথমার্ধে বলের দখল ও আক্রমণে এগিয়ে থাকলেও গোলের পথ বের করতে পারেনি আর্জেন্টিনা। উল্টো ৬৭ মিনিটে পেনাল্টি গোলে পিছিয়ে পড়তে হয়েছে। ম্যাচের দ্বিতীয়ার্ধে রিভার প্লেটের ক্লদিও এচেভেরিকে মাঠে নামান মাচেরানো, যাকে কয়েকটি ক্লাবের সঙ্গে লড়াইয়ের পর কিছুদিন আগে দলে ভেড়ানো নিশ্চিত করেছে ম্যানচেস্টার সিটি। ম্যাচের ৯০ মিনিটে এচেভেরি কাস্ত্রোকে বল বাড়ান। কাস্ত্রোর পা হয়ে বল যায় গুনদোর কাছে, যিনি বল জালে জড়িয়ে আর্জেন্টিনার হার এড়ান।

আর্জেন্টিনার পরের ম্যাচ বুধবার পেরুর বিপক্ষে। 'এ' গ্রুপে থাকা ব্রাজিলের প্রথম ম্যাচ অনুষ্ঠিত হবে আগামীকাল, প্রতিপক্ষ বলিভিয়া।

## আইসিসির বর্ষসেরা

# টি-টোয়েন্টি দলে আছেন যারা




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ২০২৩ সালের বর্ষসেরা টি-টোয়েন্টি দল ঘোষণা করেছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি। সেই দলের অধিনায়ক করা হয়েছে ভারতের সূর্যকুমার যাদবকে।


দলে সূর্যকুমারসহ জায়গা পেয়েছেন চার ভারতীয়। তবে এই দলে নেই অস্ট্রেলিয়ার কেউ। এশিয়ার অন্য কোনো দেশের ক্রিকেটার নেই তালিকায়।

ভারতের বাইরে সর্বোচ্চ দুজন জায়গা পেয়েছেন জিম্বাবুয়ে থেকে। এ ছাড়া ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড ও আয়ারল্যান্ডের আছেন একজন করে। আইসিসি সহযোগী সদস্যদেশ উগান্ডারও আছেন একজন। যে ১১ ক্রিকেটার আইসিসির বর্ষসেরা টি-টোয়েন্টি দলে জায়গা পেয়েছেন, তাদের মধ্যে তিনজন বর্ষসেরা টি-টোয়েন্টি ক্রিকেটার পুরস্কারেও মনোনীত। এরা হচ্ছেন সূর্যকুমার, নিউজিল্যান্ডের মার্ক চ্যাপম্যান এবং উগান্ডার আলপেশ রামজানি।

আইসিসির বর্ষসেরা টি-টোয়েন্টি দল: যশস্বী জয়সওয়াল (ভারত), ফিল সল্ট (ইংল্যান্ড), নিকোলাস পুরান (উইকেটরক্ষক, ওয়েস্ট ইন্ডিজ), সূর্যকুমার (অধিনায়ক, ভারত), মার্ক চ্যাপম্যান (নিউজিল্যান্ড), সিকান্দার রাজা (জিম্বাবুয়ে), আল্পেশ রামজানি (উগান্ডা), মার্ক অ্যাডেয়ার (আয়ারল্যান্ড), রবি বিষ্ণয় (ভারত), রিচার্ড এনগারাভা (জিম্বাবুয়ে) ও আর্শদ্বীপ সিং (ভারত)।

## প্রতিপক্ষ ইংল্যান্ড;

# প্রথম দুই টেস্টে নেই কোহলি




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ব্যক্তিগত কারণ দেখিয়ে ইংল্যান্ডের বিপক্ষে প্রথম দুই টেস্টের দল থেকে সরে দাঁড়িয়েছেন বিরাট কোহলি। এক সংবাদ বিজ্ঞপ্তিতে তা নিশ্চিত করেছে ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা বিসিসিআই। শিগগিরই কোহলির বিকল্প ঘোষণা করবে তারা।

বিসিসিআই বিবৃতিতে জানায়, 'অধিনায়ক রোহিত শর্মা, টিম ম্যানেজমেন্ট ও নির্বাচকদের সঙ্গে কথা বলে কোহলি জানিয়েছেন দেশের প্রতিনিধিত্ব করাকে সবসময় তিনি সবকিছুর আগে প্রাধান্য দেন। কিন্তু ব্যক্তিগতভাবে এমন কিছু পরিস্থিতি তৈরি হয়েছে যেখানে তার উপস্থিতি ও অবিভক্ত মনোযোগ প্রয়োজন।'

'বিসিসিআই তার সিদ্ধান্তকে সম্মান করে। বোর্ড ও টিম ম্যানেজমেন্ট তারকা ব্যাটারের প্রতি সমর্থনের হাত বাড়িয়েছে। টেস্ট সিরিজের দারুণ পারফরম্যান্স দেওয়ার ক্ষেত্রে দলের বাকি সদস্যদের সামর্থ্যের ওপর আত্মবিশ্বাসী বোর্ড। এই সময়ে কোহলির গোপনীয়তাকে সম্মান জানাতে এবং ব্যক্তিগত কারণগুলো অনুমান করা থেকে বিরত থাকতে সংবাদমাধ্যম ও ভক্তদের অনুরোধ করা হচ্ছে।'

ইংল্যান্ডের বিপক্ষে টেস্টে বরাবরই ভালো খেলে থাকেন কোহলি। ব্যাট হাতে ৪২.৩৬ গড়ে করেছেন এক হাজার ৯৯১ রান করেছেন তিনি। তার জায়গায় প্রথম দুই টেস্টে চার নম্বরে কে খেলবেন সেটাই এখন প্রশ্ন।

আগামী ২৫ জানুয়ারি হায়দরাবাদে শুরু হচ্ছে পাঁচ ম্যাচ সিরিজের প্রথম টেস্ট।

## বিপিএল খেলতে রাতে

# ঢাকায় পা রেখেছেন বাবর-রিজওয়ান



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : বিপিএল খেলতে চলে এসেছেন পাকিস্তান ক্রিকেটের বড় দুই তারকা বাবর আজম আর মোহাম্মদ রিজওয়ান। সোমবার রাতেই ঢাকায় পা রেখেছেন তারা। বাবর খেলবেন রংপুর রাইডার্সে, রিজওয়ানের দল কুমিল্লা ভিক্টোরিয়ান্স। জানা গেছে, সাবেক টপ অর্ডার মোহাম্মদ হাফিজ টিম ডিরেক্টর হয়ে পাকিস্তানের ক্রিকেটাদের এক নতুন শর্ত জুড়ে দিয়েছেন। তিনি জানিয়ে দিয়েছেন, পাকিস্তানের পিএসএল ছাড়া কোন পাকিস্তানি ক্রিকেটার আর সর্বোচ্চ দুটির বেশি ভিনদেশি ফ্র্যাঞ্চাইজি লিগ খেলতে পারবে না। মানে পিএসএলসহ ৩টি ফ্র্যাঞ্চাইজি লিগের বেশি খেলতে পারবেন না।

সে কারণেই পাকিস্তানি ওপেনার মোহাম্মদ হারিস বাংলাদেশে এসেও ফিরে যেতে বাধ্য হয়েছেন। যার ফলশ্রুতিতে বাবর-রিজওয়ানের বিপিএলে অংশ নেয়া নিয়ে ভক্ত-সমর্থকদের অনেকের মনে সংশয় তৈরি হয়েছিল। সে সংশয় কেটে গেছে। পাকিস্তানের দুই শীর্ষ তারকা পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী সোমবার রাতেই ঢাকায় এসেছেন।

জানা গেছে, কিউইদের বিপক্ষে ৫ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শেষ করে একই ফ্লাইটে সরাসরি নিউজিল্যান্ড থেকে বিপিএল খেলতে এসেছেন তারা।

প্রসঙ্গত, ৭ বছর আগে বিপিএল খেলতে এসেছিলেন বাবর আজম। সেটা ২০১৭ সালে সিলেট সিক্সার্সের হয়ে। ওই আসরে ৪ ইনিংস ব্যাট করা (২, ৪১, ৫৪ ও ২০) বাবরের সংগ্রহ ছিল মোট ১১৭ রান।

অন্যদিকে ২০২৩ সালের বিপিএলে কুমিল্লার হয়ে বেশ ভাল ব্যাটিং করেছিলেন রিজওয়ান। ১০ ম্যাচে চার ফিফটিতে তার সংগ্রহ ছিল ৩৫১ রান। গড় ছিল ৫০.১৪।

## জাতীয় দল ছেড়ে লিভারপুলে

# ইনজুরি আক্রান্ত সালাহ




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : আফ্রিকান নেশন্স কাপে খেলতে গিয়ে হ্যামস্ট্রিং ইনজুরিতে আক্রান্ত মোহাম্মদ সালাহ জাতীয় দল ছেড়ে লিভারপুলে ফিরে আসছেন। দেশটির ফুটবল অ্যাসোসিয়েশন আশা করছেন পুনর্বাসন শেষে আইভরি কোস্টে অনুষ্ঠানরত আফ্রিকান নেশন্স কাপে আবারো ফিরবেন সালাহ। মিশরীয় ফুটবল অ্যাসোসিয়েশন এক বিবৃবিতে জানিয়েছে, কেপভার্দের বিপক্ষে মিশরের ম্যাচে সালাহ দলে থাকবেন। এরপর যুক্তরাজ্যে ফিরে আসবেন। মিশরীয় মেডিকেল স্টাফ ও লিভারপুলের মেডিকেল দলের সঙ্গে আলোচনার পর চিকিৎসার জন্য সালাহকে যুক্তরাজ্যে ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে সেমিফাইনালের আগে আবারও তার ফেরার সম্ভাবনা আছে।'

লিভারপুল ম্যানেজার জার্গেন ক্লপও ইংল্যান্ডে চিকিৎসার জন্য ৩১ বছর বয়সী সালাহকে ফিরিয়ে আনার বিষয়টি নিশ্চিত করেছেন, 'এটাই এই মুহূর্তে আমাদের পরিকল্পনা। তবে এখনো শতভাগ নিশ্চিত না, আমি জানি না শেষ পর্যন্ত কি সিদ্ধান্ত হয়েছে। তবে পুনর্বাসনের জন্য তাকে ফিরিয়ে আনার বিষয়টি ভাল হয়েছে বলে আমি মনে করি।'

ইতোমধ্যেই কেপ ভার্দের বিপক্ষে গ্রুপ-ব্বির ম্যাচের পর মিশরের শেষ ষোলর ম্যাচের জন্য (বাছাই সাপেক্ষে) দল থেকে ছিটকে গেছেন সালাহ। মিশরীয় এফএ প্রাথমিক ভাবে আশা করেছিল কোয়ার্টার ফাইনালে মিশর খেলতে পারলে সালাহ ফিরে আসবেন। কিন্তু এখন দেখা যাচ্ছে আগামী ৭ ফেব্রুয়ারি সম্ভাব্য সেমিফাইনালের আগে সালাহর ফিরে আসার কোন সম্ভাবনা নেই। মিশরের আশা টিকে থাকলে আফ্রিকান নেশন্স কাপে সালাহর আবারো ফিরে যেতে ক্লপের পক্ষ থেকে কোন সমস্যা নেই বলে জানা গেছে। আফ্রিকান নেশন্স কাপের প্রথম ম্যাচে মোজাম্বিকের বিপক্ষে ২-২ গোলের ড্রয়ের ম্যাচটিতে সালাহর পেনাল্টির গোল দলকে রক্ষা করেছে। এখনো পর্যন্ত মিশরের হয়ে আফ্রিকান নেশন্স কাপের শিরোপা জয় করা সম্ভব হয়নি সালাহর। এর আগে ২০১৭ সালে ক্যামেরুন ও দুই বছর আগে সেনেগালের কাছে ফাইনালে পরাজিত হয়ে হতাশ হতে হয়েছিল সালাহকে।

## ফের গোলহীন মেসি-সুয়ারেজ,

# এবার হেরেই বসলো ইন্টার মিয়ামি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : দীর্ঘ সাড়ে তিন বছর পর লিওনেল মেসি ও লুইস সুয়ারেজ জুটি দেখে ভক্তদের ছিল বাঁধভাঙা উল্লাস। তবে মাঠে নেমে তার সিকি ভাগও পূরণ করতে পারলেন দুই তারকা ফুটবলার। গত শুক্রবার নিজেদের পুনর্মিলনীর দিনে ক্লাব ফ্রেন্ডলি ম্যাচে এল সালভেদরের বিপক্ষে ইন্টার মিয়ামিতে জয় এনে দিতে পারলেন মেসি-সুয়ারেজ। ওই ম্যাচে গোলশুন্য ড্র করেছে যুক্তরাষ্ট্র মেজর সকার লিগের ক্লাব ইন্টার মিয়ামি।

মঙ্গলবার মেসি-সুয়ারেজ জুটিতে দ্বিতীয়বারের মতো মাঠে নেমেছে ইন্টার মিয়ামি। এই ম্যাচে তাদের প্রতিপক্ষ সকার লিগের আরেক ক্লাব এফসি ডালাস। এই ম্যাচেও কোনো গোল পেলেন না মেসি কিংবা সুয়ারেজ। তাদের গোলহীনতায় ইন্টার মিয়ামিকে হারিয়েই দিয়েছে ডালাস। ম্যাচটি মিয়ামি হেরেছে ১-০ গোলে।

অবশ্য এই ম্যাচে পুরো সময় ধরে মেসিকে খেলাননি ইন্টার মিয়ামি কোচ। ম্যাচের ৬৪ মিনিটে মেসির সঙ্গে লুইস সুয়ারেজ ও সের্হিও বুসকেতসকেও তুলে নেন তিনি।

ম্যাচের মাত্র ৩ মিনিটে ইন্টার মিয়ামির জালে বল জড়িয়ে দেন ডালাসের ফরোয়ার্ড জেসুস ফেরেইরা। তবে আর্জেন্টাইন বিশ্বকাপজয়ী তারকা মেসি দলকে জেতানোর প্রাণপণ চেষ্টা করছিলেন। শেষ পর্যন্ত পারেননি। এমনকি দলকে সমতায়ও ফেরাতে পারেননি তিনি।

মেসির প্রথম দুটি শট ফিরিয়ে দিয়েছেন ডালাসের গোলরক্ষক মার্তেন পেয়েস। ম্যাচের ২৭ মিনিটে উরুগুয়ের তারকা সুয়ারেজের পাস করা বলে মেসির তৃতীয় শটটি চলে যায় গোলবারের বাঁপাশ দিয়ে।

সুয়ারেজও টার্গেটে দুইবার শট নেন। একবার তাকে ব্যর্থ করেন গোলরক্ষক, আরেকবার গোলবারের ডানপাশ দিয়ে বল চলে যায়। ইন্টার মিয়ামির হয়ে দুই ম্যাচ খেলেও গোলহীন সুয়ারেজ।

ইন্টার মিয়ামির পরের ম্যাচ সৌদি আরবে ক্রিশ্চিয়ানো রোনালদোর দল আল নাসরের বিপক্ষে। আগামী ২ ফেব্রুয়ারি মাঠে দেখা যাবে মেসি-রোনালদো দৈরথ।

## মদকাণ্ডে হাসপাতালে ম্যাক্সওয়েল!

# তদন্তে ক্রিকেট অস্ট্রেলিয়া



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : গত শুক্রবার অ্যালকোহল (মদ) সম্পর্কিত কাণ্ডে অ্যাম্বুলেন্সে করে হাসপাতালে পাঠানো হয় গ্লেন ম্যাক্সওয়েলকে। যদিও হাসপাতালে খুব বেশিক্ষণ থাকেননি তিনি। এমনকি অনুশীলনেও ফিরেছেন ডানহাতি এই ব্যাটার। তবে ঘটনার তদন্তে নেমেছে ক্রিকেট অস্ট্রেলিয়া।

বিগ ব্যাশ শেষ হওয়ার পর সেলেব্রিটি গলফ টুর্নামেন্টের জন্য অ্যাডিলেডে ছিলেন ম্যাক্সওয়েল। সেখানেই একটি পানশালায় 'সিক্স অ্যান্ড আউট' ব্যান্ডের কনসার্ট উপভোগ করতে যান তিনি। যে ব্যান্ডের সদস্য অস্ট্রেলিয়ার সাবেক দুই সহোদর ক্রিকেটার ব্রেট লি ও শেন লি। কনসার্টের ঠিক মাঝখানেই অ্যাম্বুলেন্স ডাকা হয়। সেটাতে করে হাসপাতালে নেওয়া হয় ম্যাক্সওয়েলকে। ঠিক কী ঘটনা ঘটেছে তা জানতেই তদন্ত করছে। এদিকে আজ সকালে ওয়েস্ট ইন্ডিজ সিরিজের ওয়ানডে দল থেকে বাদ দেওয়া হয় ম্যাক্সওয়েলকে। যদিও তার বাদ পড়ার পেছনে 'মদ-কাণ্ডে'র কোনো সম্পর্ক নেই।

এক বিবৃতিতে ক্রিকেট অস্ট্রেলিয়া জানায়, 'অ্যাডিলেডে এই সপ্তাহান্তে ম্যাক্সওয়েলকে ঘিরে যে ঘটনা ঘটেছে, ক্রিকেট অস্ট্রেলিয়া তা অবগত এবং সে বিষয়ে আরও তথ্য খোঁজা হচ্ছে। ওয়ানডে স্কোয়াডে তাকে না রাখার সঙ্গে এটার (অ্যাডিলেডের ঘটনা) সম্পর্ক নেই। বিগ ব্যাশ শেষেই তার (ম্যাক্সওয়েল) ওয়ার্কলোড ব্যবস্থাপনার ওপর ভিত্তি করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ম্যাক্সওয়েল টি-টোয়েন্টি সিরিজে ফিরবেন বলে প্রত্যাশা করা হচ্ছে। এ মুহূর্তে এর চেয়ে বেশি কিছু আর বলা সম্ভব নয়।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR